# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)


## পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড : | ১ | ৪ | ০ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট   সৃজনশীল প্রশ্ন   পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.** ▶




ক. পৃথিবীতে মোট কয়টি রাষ্ট্র আছে? ১

খ. মানুষের জীবনে সমাজের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২

গ. উক্ত সংগঠনের জন্য সবকটি উপাদানই গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'সার্বভৌমত্ব রাষ্ট্রদেহে প্রাণ সঞ্চার করে'– ছকটির আলোকে বিশ্লেষণ কর। ৪

**২.** ▶ শাম্মি বিশ্ববিদ্যালয়ের ছাত্রী। নির্বাচনের সময় তার বন্ধুরা সবাই একজন যোগ্য প্রার্থীকে ভোট দিল। শাম্মি ভোট দিল না। এর ফলে একজন যোগ্য প্রার্থী তার ভোট থেকে বঞ্চিত হলো। শাম্মি সিদ্ধান্ত নিল সে আমেরিকা যাবে। অধিক টাকা উপার্জন করবে। শাম্মির বন্ধুরা বললো- এ দেশ তোমার শিক্ষার ব্যবস্থা করে দিয়েছে। তাই তোমার উচিত দেশের সেবা করা।

ক. কতর্ব্য কী? ১

খ. নাগরিকের একটি সামাজিক অধিকার ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে শাম্মি নিজেকে কোন অধিকার থেকে বঞ্চিত করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. শাম্মির বন্ধুদের বক্তব্যে ২টি বিষয়ের পারস্পরিক সম্পর্ক ফুটে উঠেছে? বিশ্লেষণ কর। ৪

**৩.** ▶ দক্ষিণ এশিয়ার রাষ্ট্র 'ক' এর প্রতিবেশী রাষ্ট্র 'খ'। 'ক' রাষ্ট্রের ২৮টি অঙ্গরাজ্য রয়েছে। 'খ' রাষ্ট্রের কোনো অঙ্গরাজ্য নেই। ১টি মাত্র সরকারই সারাদেশ পরিচালনা করে।

Teachingbd.com

ক. একনায়কতন্ত্রের মূল আদর্শ কী? ১

খ. গণতন্ত্র সফল করার উপায় ব্যাখ্যা কর। ২

গ. 'ক' রাষ্ট্র কোন ধরনের রাষ্ট্র ব্যবস্থা? এর বৈশিষ্ট্য উপস্থাপন কর। ৩

ঘ. 'খ' রাষ্ট্রটি কিভাবে পরিচালিত হয়? উদ্দীপক অনুযায়ী বিশ্লেষণ কর। ৪

**৪.** ▶ 'ক' রাষ্ট্রের সংবিধান তৈরি হয়েছে ১৯৭২ সালে। দেশটির সংবিধান লিখিত এবং কিছুটা দুষ্পরিবর্তনীয়। সংবিধানটিতে ১৫টি সংশোধনী গৃহীত হয়েছে।

ক. বাংলাদেশি নাগরিকতা করা হয় কোন সংশোধনীর মাধ্যমে? ১

খ. উত্তম সংবিধান বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে 'ক' রাষ্ট্রের সংবিধানের বৈশিষ্ট্য তুলে ধর। ৩

ঘ. 'ক' দেশের সংবিধানে কী ধরনের সমস্যা বিদ্যমান বলে মনে কর? মতামত দাও। ৪

**৫.** ▶ সেতুর বাবা একটি স্থানীয় প্রশাসনের প্রধান। এখানে ১৫ জন সদস্য এবং ৫ জন সংরক্ষিত সদস্য রয়েছে। সেতুর বাবা দেশের একজন প্রতিমন্ত্রীর সমান মর্যাদাবান। তার অধীনে উক্ত প্রশাসনটি কৃষি, ব্যবস্থাপনা এবং জনস্বাস্থ্য সংরক্ষণে ভূমিকা পালন করে।

ক. ইউনিয়ন পরিষদের কার্যকাল কত বছর? ১

খ. জেলা পরিষদের আয়ের উৎস কী? বর্ণনা কর। ২

গ. সেতুর বাবার স্থানীয় প্রশাসনটির রূপ উপস্থাপন কর। ৩

ঘ. উদ্দীপকের প্রশাসনটি স্থানীয় উন্নয়নে কী ধরনের ভূমিকা পালন করে? বিশ্লেষণ কর। ৪

**৬.** ▶ মা, বোন ও গাড়িচালককে গুলি করে ৬ বছরের শিশুকে অপহরণ করেছে মোটরসাইকেল আরোহী দুর্বৃত্তরা। শিশুটির মুক্তির বিনিময়ে ৫০ লক্ষ টাকা দাবি করছে অপহরণকারীরা।

ক. ১টি দেশে কত ভাগ বনাঞ্চল থাকা বাঞ্ছনীয়? ১

খ. খাদ্য নিরাপত্তা অর্জনের উপায় ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত এমন সন্ত্রাসবাদের কারণের স্বরূপ তুলে ধর। ৩

ঘ. উদ্দীপকের মতো সন্ত্রাস দমনে কী কী পদক্ষেপ যথার্থ বলে তুমি মনে কর। মতামত দাও। ৪

teachingbd.com

৭. ▶ শ্রীরামপুর এলাকার মানুষগুলো একসময় ছিল অসহায়। সবাই তাদের বিভিন্ন অধিকার থেকে বঞ্চিত করত সহজে। কিন্তু উচ্চ শিক্ষিত মর্জিনা খাতুন গ্রামে ফিরে এসে এ অবস্থা থেকে তাদের ফিরিয়ে আনার চেষ্টা করেন। তিনি বয়স্ক শিক্ষাকেন্দ্র এবং নৈশ বিদ্যালয় স্থাপন করে জনগণকে শিক্ষিত করতে শুরু করেন। এখন ঐ গ্রামের লোকেরা তাদের অধিকার সম্পর্কে সচেতন।

ক. 'VGF' এর পূর্ণরূপ কী? ১

খ. পরিবেশগত দুর্যোগ সৃষ্টির কারণ ব্যাখ্যা কর। ২

গ. শ্রীরামপুর এলাকার মানষেরা কীভাবে অধিকার সচেতন হয়ে উঠেছে? এর স্বরূপ তুলে ধর। ৩

ঘ. মর্জিনা খাতুনের চেষ্টা কি নিরক্ষরতা দূরীকরণে যথেষ্ট? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৮. ▶ জীবন পরিবারের বড় ছেলে। তার বিয়ে ঠিক হওয়ায় ছোট ভাই বোনেরা খুশি। তার বাবা বিয়ের কার্ড ছাপিয়ে এনেছেন। সবাই পছন্দ করলেও বাদ সাধল কাদের। কারণ কার্ডটি ইংরেজিতে ছাপানো। এ প্রসঙ্গে তার পূর্বসূরিদের আত্মত্যাগের কথা স্মরণ করল।

ক. ভাষা আন্দোলন কী? ১

খ. ভাষা আন্দোরনের কারণ কী ছিল? ২

গ. কোন প্রেরণা জীবনের বিয়ের কার্ডে প্রভাব ফেলেছে– ব্যাখ্যা কর। ৩

ঘ. জীবনের এ ধরনের চেতনা বাঙালি জীবনে কী ভূমিকা রেখেছিল বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

৯. ▶ কিছুদিন পূর্বে বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী এমন ১টি প্রতিষ্ঠানের অধিবেশনে যোগদানের জন্য আমেরিকা গমন করেন, যে প্রতিষ্ঠানটির সদস্য লাভ করেছিল ১৯৭৪ সালে। ১৯৩টি দেশ ঐ প্রতিষ্ঠানের সদস্য।

ক. হেগ শহর কোথায় অবস্থিত? ১

খ. 'লীগ অব নেশনস' কথাটি বুঝিয়ে বল? ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটিতে বাংলাদেশের সদস্যপদ লাভের ইতিহাস বর্ণনা কর। ৩

ঘ. 'উক্ত প্রতিষ্ঠান সৃষ্টির পেছনে রয়েছে ব্যাপক ইতিহাস' পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# পৌরনীতি ও নাগরিকতা : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : ১ ৪ ০

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. কোন সময় গ্রিসে ছোট ছোট অঞ্চল নিয়ে নগর রাষ্ট্র গড়ে উঠেছিল?
ক) প্রাচীনকালে খ) মধ্যযুগে
গ) নব্যপ্রস্তর যুগে ঘ) প্রাচীন প্রস্তর যুগে

২. পৌরনীতির উৎপত্তি হয়েছে—
i. নাগরিক থেকে ii. নগর রাষ্ট্র থেকে
iii. রাজনৈতিক সংগঠন থেকে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩. রাষ্ট্রের নাগরিক হিসেবে আমরা রাষ্ট্রের প্রতি যেসব দায়িত্ব ও কর্তব্য পালন করি তা হলো—
i. আইন মান্য করা
ii. সততার সাথে ভোট দান
iii. সঠিক সময়ে কর প্রদান
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪. সমাজের ক্ষুদ্র বর্গ কি?
ক) পরিবার খ) জাতি
গ) সংঘ ঘ) সমাজ

৫. বৈবাহিক সূত্রে পরিবারকে কয় ভাগে ভাগ করতে দেখা যায়?
ক) ৩ ভাগে খ) ৪ ভাগে
গ) ২ ভাগে ঘ) ৫ ভাগে

৬. 'মানুষ স্বভাবগত সামাজিক জীব' এ উক্তিটি কে করেছেন?
ক) ম্যাকাইভার খ) রুশো
গ) এরিস্টটল ঘ) হবস্

৭. সরকার কয়টি বিভাগ নিয়ে গঠিত?
ক) ২টি খ) ৩টি
গ) ৪টি ঘ) ৫টি

৮. জনগণের প্রতিনিধি হিসেবে কাজ করে কে?
ক) সংবিধান খ) সরকার
গ) রাষ্ট্র ঘ) আইন পরিষদ

৯. কাদের রাষ্ট্রের সম্পদ বলা হয়?
ক) শহরের অধিবাসীদের খ) নিরক্ষর লোকদের
গ) বিদেশিদের ঘ) সুনাগরিকদের

১০. অনুমোদন সূত্রে নাগরিকতার শর্ত কোনটি?
ক) আনুগত্য খ) ভোটদান
গ) নির্বাচনে অংশগ্রহণ
ঘ) সে দেশের ভাষা জানা

১১. মানুষের ব্যক্তিত্বকে উপলব্ধি করার জন্য কোনটি প্রয়োজন?
ক) শিক্ষা খ) অধিকার
গ) স্বাধীনতা ঘ) পেশার উৎকর্ষ

১২. জনগণের শাসন প্রতিষ্ঠায় কোন আইনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ?
ক) মৌলিক অধিকার আইন
খ) ফৌজদারি আইন
গ) তথ্য অধিকার আইন
ঘ) ভেজালবিরোধী আইন

১৩. আইনের দৃষ্টিতে সকলে সমান এটি কীসের মূল কথা?
ক) আইন খ) স্বাধীনতা
গ) সাম্য ঘ) ভ্রাতৃত্ব

১৪. মানুষের বাহ্যিক আচরণ ও কর্মকাণ্ড নিয়ন্ত্রণ করে কোনটি?
ক) আইন খ) স্বাধীনতা
গ) সাম্য ঘ) সরকার

১৫. কোন শাসন ব্যবস্থায় জনগণ স্বাধীনভাবে মত প্রকাশ করতে পারে?
ক) স্বৈরতান্ত্রিক খ) গণতান্ত্রিক
গ) পুঁজিবাদী ঘ) দক্ষ বিচারক

১৬. কোনটি গণতন্ত্রের প্রাণ?
ক) দলীয় কোন্দল খ) আইনের শাসন
গ) জনমত ঘ) দক্ষ বিচারক

১৭. কাকে জাতীয় স্বার্থের রক্ষক বলা হয়?
ক) রাষ্ট্রপতিকে খ) স্পিকারকে
গ) প্রধানমন্ত্রীকে ঘ) সচিবকে

১৮. মার্কিন যুক্তরাষ্ট্রে কোন জাতীয় সরকার প্রচলিত?
ক) সংসদীয় খ) রাষ্ট্রপতি শাসিত
গ) সমাজতান্ত্রিক ঘ) একনায়কতান্ত্রিক

১৯. উত্তম সংবিধান কোন প্রকৃতির হয়?
ক) অসম প্রকৃতির খ) সুষম প্রকৃতির
গ) অলিখিত প্রকৃতির ঘ) প্রধানির্ভর

২০. রাষ্ট্রের সর্বোচ্চ আইন কোনটি?
ক) জনমত খ) বিচারকের রায়
গ) সংবিধান ঘ) ধর্মীয় প্রথা

২১. কে জরুরি অবস্থা ঘোষণা করতে পারেন?
ক) প্রধানমন্ত্রী খ) স্বরাষ্ট্রমন্ত্রী
গ) রাষ্ট্রপতি ঘ) স্বরাষ্ট্র সচিব

Teachingbd.com

http://teachingbd.com

২২. বিভিন্ন মন্ত্রণালয়ের কাজের সমন্বয় করেন কে?
ক সচিব
খ চিফ হুইপ
গ সংসদ উপনেতা
ঘ প্রধানমন্ত্রী

২৩. অধিদপ্তরের প্রধান কে?
ক কালেক্টর
খ সহকারী সচিব
গ মহাপরিচালক
ঘ বিভাগীয় কমিশনার

২৪. মন্ত্রণালয়ের অধীনে রয়েছে–
i. বিভিন্ন স্বায়ত্তশাসিত সংস্থা
ii. আধা স্বায়ত্তশাসিত সংস্থা
iii. বোর্ড ও কর্পোরেশন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

২৫. প্রত্যেক মন্ত্রণালয়ে কয়জন সচিব থাকেন?
ক চারজন খ তিনজন গ দুইজন ঘ একজন

২৬. প্রতিটি বিভাগের প্রশাসনিক প্রধান কে?
ক জেলা প্রশাসক
খ মহাপরিচালক
গ বিভাগীয় কমিশনার
ঘ নির্বাহী কর্মকর্তা

২৭. জেলা প্রশাসক যে কাজ করে থাকেন–
i. ভূমি উন্নয়ন
ii. ভূমি রেজিস্ট্রেশন
iii. রাজস্ব সংক্রান্ত বিবাদ মীমাংসা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

২৮. কোন বিভাগ আইনের অনুশাসন ও দেশের সংবিধান অক্ষুণ্ন রাখে–
ক আইন বিভাগ
খ শাসন বিভাগ
গ বিচার বিভাগ
ঘ আইন ও বিচার বিভাগ

২৯. বাংলাদেশের বিচার ব্যবস্থার সর্বনিম্ন আদালত কোনটি?
ক সাব জজ আদালত
খ সহকারী জজ আদালত
গ গ্রাম আদালত
ঘ অতিরিক্ত জেলা জজ

৩০. কোন দেশে রাজনৈতিক দলের অস্তিত্ব নেই?
ক ভারত
খ আমেরিকা
গ কেনিয়া
ঘ সৌদি আরব

৩১. সকল ধর্ম-বর্ণ, নারী-পুরুষ, শ্রেণি-পেশা নির্বিশেষে সকলের স্বার্থে কাজ করে কোনটি?
ক নির্বাচন কমিশন
খ দুর্নীতি দমন কমিশন
গ রাজনৈতিক দল
ঘ নির্বাচকমণ্ডলী

৩২. ইসলামি মূল্যবোধে বিশ্বাস ও মুক্ত বাজার অর্থনীতি কোন দলের মূলনীতিতে লক্ষ করা যায়?
ক বাংলাদেশ জামায়াতে ইসলামী
খ বাংলাদেশ আওয়ামী লীগ
গ জাতীয় পার্টি
ঘ বাংলাদেশ জাতীয়তাবাদী দল

৩৩. যারা ভোট দেয় তাদের কী বলে?
ক দলীয় কর্মী
খ নির্বাচক
গ জনগণ
ঘ প্রতিনিধি

৩৪. স্থানীয় সরকার কী?
ক বৃহৎ সরকার ব্যবস্থা
খ রাজতান্ত্রিক সরকার ব্যবস্থা
গ ক্ষুদ্র পরিসরে প্রতিষ্ঠিত সরকার ব্যবস্থা
ঘ বিভাগীয় সরকার ব্যবস্থা

৩৫. একজন সচেতন নারী ভূমিকা রাখতে পারে–
i. অধিকার আদায়ের
ii. পরিবারের দায়িত্ব পালনে
iii. পরিবারের আয় বৃদ্ধিতে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

৩৬. 'লাহোর প্রস্তাব' কী নামে পরিচিত ছিল?
ক ভারত প্রস্তাব
খ বাংলাদেশ প্রস্তাব
গ পাকিস্তান প্রস্তাব
ঘ ব্রিটিশ প্রস্তাব

নিচের উদ্দীপকটি পড়ো ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও:
নবীন মার্কেটে গিয়েছিল। যাওয়ার পথে নয়া পল্টনে বাংলাদেশের অন্যতম প্রধান একটি রাজনৈতিক দলের প্রধান কার্যালয় দেখতে পেল। সেখানে অনেকগুলো পোস্টার ঝুলছে।

৩৭. নবীন বাংলাদেশের কোন রাজনৈতিক দলের প্রধান কার্যালয় দেখেছে?
ক আওয়ামী লীগ
খ বাংলাদেশ জাতীয়তাবাদী দল
গ বাংলাদেশ জামায়াতে ইসলামী
ঘ জাতীয় পার্টি

৩৮. নবীন যে রাজনৈতিক দলটির প্রধান কার্যালয় দেখেছে এই দলটির সাথে সম্পর্কিত তথ্য হলো–
i. প্রতিষ্ঠাতা জিয়াউর রহমান
ii. দলটি জাতীয়তাবাদী আদর্শে উদ্বুদ্ধ
iii. দ্বাদশ সংবিধান সংশোধনে নেতৃত্ব দান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

৩৯. কোন দেশ মুসলমানদের পবিত্র মসজিদ আল-আকসায় অগ্নিসংযোগ করেছিল?
ক ইরান
খ আমেরিকা
গ ফ্রান্স
ঘ ইসরাইল

৪০. বর্তমানে বাংলাদেশে সেনা সদস্যরা বিশ্বের কতটি দেশে শান্তিরক্ষী বাহিনীতে কর্মরত আছে?
ক ১০টি খ ১১টি গ ১২টি ঘ ১৩টি

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ক | ৩ | ঘ | ৪ | ক | ৫ | ক | ৬ | গ | ৭ | খ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | খ | ১৬ | খ |
| ১৭ | গ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | গ | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | ঘ | ৩১ | গ | ৩২ | ঘ |
| ৩৩ | খ | ৩৪ | গ | ৩৫ | ঘ | ৩৬ | গ | ৩৭ | খ | ৩৮ | ঘ | ৩৯ | ঘ | ৪০ | গ | | | | | | | | | | | | | | | | |

http://teachingbd.com